মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে পূবালী ব্যাংকের বৃক্ষরোপণ কর্মসূচী

শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশ সচেতনতা ও সবুজায়নের উদ্দেশ্যে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কর্মসূচির উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ সিদ্দিকুর রহমান।

এছাড়াও এসময় পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোঃ মনছুর আলীসহ ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সূচনা যুব কল্যাণ সংস্থার বৃক্ষরোপণ কর্মসূচি

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া এলাকায় সূচনা যুব কল্যাণ সংস্থার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকাল ৩ টায় উপজেলার বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এ সময় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, সংগঠনের সদস্য ও এলাকাবাসী উপস্থিত ছিলেন। শিশু-কিশোরদের হাতে চারাগাছ তুলে দিয়ে তাদেরকে প্রকৃতিকে ভালোবাসতে ও গাছের যত্ন নিতে উদ্বুদ্ধ করা হয়।

আয়োজকরা জানান, গাছ আমাদের জীবনের অবিচ্ছেদ্য অংশ। একটি গাছ কেবল অক্সিজেনই দেয় না, পরিবেশের ভারসাম্য রক্ষা করে এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য আশ্রয় ও জীবনধারণের নিশ্চয়তা তৈরি করে।

তাই প্রত্যেকের উচিত অন্তত একটি করে গাছ লাগানো এবং তার পরিচর্যা করা।

সংগঠনের প্রধান নাসরিন আক্তার বলেন, “প্রকৃতি বাঁচলে আমরা বাঁচব। তাই আজকের এই বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে আমরা সবাইকে সবুজ পৃথিবী গড়ার শপথ নিতে চাই।”

উল্লেখ্য, সূচনা যুব কল্যাণ সংস্থা নিয়মিতভাবে সামাজিক উন্নয়নমূলক কাজ, সচেতনতামূলক কর্মসূচি এবং মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে।

কোটচাঁদপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উদ্বোধন

পরিকল্পিত বনায়ন করি,সবুজ বাংলাদেশ গড়ি এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাদইদহের কোটচাঁদপুরে পাঁচ দিন ব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ফিতা কেটে ও বেলুন উড়িয়ে উদ্বোধন করা হয়।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। আগামী ১৭ আগস্ট মেলা শেষ হবে।

আজ বুধবার সকালে কোটচাঁদপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঠে এই মেলার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম।

এই মেলায় উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের আয়োজনে সরকারি বেসরকারি ১৭টি নার্সারি স্টল প্রদর্শন করেছেন।এর আগে মেলা স্থল থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা সহকারী বন সংরক্ষক খোন্দঃ গিয়াস উদ্দিন, কোটচাঁদপুর সামাজিক বন কর্মকর্তা ভারপ্রাপ্ত শফিকুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার জাহিদ ইসলাম, প্রকল্প

বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,একাডেমি সুপারভাইজার ফারুখ হোসেন,তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

মেলায় উপজেলার বিভিন্ন নার্সারি উদ্যোক্তারা বাহারি ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা প্রদর্শন করেন। এ ছাড়া ছাদবাগানে রোপণ উপযোগী গাছ-গাছালির পসরা সাজিয়েছেন নার্সারি উদ্যোক্তারা।

সুলভ মূল্যে বিভিন্ন ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা বিক্রয় করা হবে স্টলগুলোতে।

দর্শনা পৌর বিএনপি’র বৃক্ষরোপণ কর্মসূচি

“গাছ লাগান পরিবেশ বাঁচান” এ স্লোগানকে সামনে রেখে দর্শনা সরকারি কলেজ ও দর্শনা পরানপুর সড়কে বৃক্ষরোপণ করলেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির প্রধান হাবিবুর রহমান বুলেট।

এ বৃক্ষরোপণ কর্মসূচির ভিতরে ছিল দর্শনের প্রাণকেন্দ্র চটকা গাছ সহ অন্যান্য গাছ সমুহ হতে ব্যানার ফেস্টুন অপসারণ ও বৃক্ষরোপণ কর্মসূচি। এ কর্মসূচিতে বিভিন্ন প্রকার বনজ ও ফলজ গাছ রোপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা পুরাতন বাজার কমিটির সাধারণ সম্পাদক সোহেল তরফদার, দর্শনা পৌর ছাত্রদলের সাবেক সভাপতি ও যুবদল নেতা বাবুল আক্তার, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আবু সাঈদ রতন, দর্শনা পৌর ছাত্রদলের অন্যতম সদস্য ও ৫ নং ওয়ার্ড ছাত্রদলের সভাপতি শেখার শাওন, ছাত্রদলের সদস্য আলামিন, জুয়েল, উজ্জল, প্রান্ত, জিম, তৌফিক, তিতাস, আকাশ,সিয়াম, তৌহিদ, রিফাত প্রমুখ।

বাড়ি মেহেরপুর গ্রুপের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

“পরিবেশ, প্রতিবেশ রাখতে প্রাণবন্ত, বৃক্ষরোপণের নেই বিকল্প” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বাড়ি মেহেরপুরের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৫ আগস্ট) সকাল ১০টায় মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের দুই পাশে পরিবেশবান্ধব ও ঔষধি গাছ হিসেবে পরিচিত নিম গাছ রোপণ করা হয়।

বৃক্ষরোপণ কর্মসূচিতে পরিবেশ সুরক্ষা ও বৃক্ষের উপকারিতা বিষয়ে আলোচনা ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করা হয়।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুর পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ আসাদুজ্জামান খান রাজ (অ্যাডমিন), আঃ হাদী (মডারেটর), আব্দুর রব, আহসান হাবিব শুভ, আরিফুল ইসলাম, এস এম নয়ন, বদরুজ্জামান মুকুল, কৃষিবিদ মো. জুয়েল রানা ও একরামুল হক।

আয়োজকরা জানান, পরিবেশ রক্ষায় ভবিষ্যতেও এ ধরনের সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরের রাইপুর কবরস্থান পরিষ্কার ও বৃক্ষরোপণ করলেন কামরুল হাসান

মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান তাঁর নিজ গ্রাম রাইপুর কবরস্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছেন।

আজ শনিবার সকাল ১০টার দিকে তিনি স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে নিয়ে

কবরস্থান এলাকায় প্রায় ২০০টি বৃক্ষরোপণ করেন। কর্মসূচির আওতায় বিভিন্ন প্রজাতির ফলদ ও বনজ গাছ রোপণ করা হয়। এসময় কবরস্থানের আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন করা হয় এবং আগাছা পরিষ্কার করা হয়।

বক্তব্যে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “মর্যাদাপূর্ণ এই পবিত্র স্থানকে পরিবেশবান্ধব ও সবুজ রাখার জন্য আমাদের সকলেরই এগিয়ে আসা উচিত। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।”

স্থানীয় বাসিন্দারা এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এবং কবরস্থানের পরিবেশ রক্ষায় এ ধরনের আরও উদ্যোগের আহ্বান জানান।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন

“পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ফিতা কেটে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রেজাউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এছাড়াও, স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, জেলা শিক্ষা অফিসার হজরত আলী, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দারসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়। এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। এই মেলায় ১৭টি স্টল স্থাপন করা হয়েছে।

ঝিনাইদহে কৃষকদলের বৃক্ষরোপণ কর্মসূচি

জুলাই গণঅভ্যুত্থানের শহীদদের স্মরণে ঝিনাইদহ জেলা কৃষকদলের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। রবিবার সকালে শহরের চক্ষু হাসপাতাল প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ।

এসময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা কৃষকদলের আহবায়ক ওসমান আলী, যুগ্ম আহ্বায়ক,শামসুর রহমান,যুগ্ম আহবায়ক, আব্দুর রশিদ মোহনসহ দলের অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সেসময় বক্তারা বলেন, “শহীদদের আদর্শকে বুকে ধারণ করে দেশের পরিবেশ রক্ষায় এবং সবুজ বাংলাদেশ গড়ে তুলতে কৃষকদল এ ধরনের কর্মসূচি অব্যাহত রাখবে।”

অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে চক্ষু হাসপাতাল চত্বরে বিভিন্ন ফলদ ও বনজ গাছের চারা রোপণ করা হয়।

মুজিবনগরে গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর কৃষি অফিসের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

রবিবার ২৯ জুন সকাল ১০টার দিকে মুজিবনগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে ও উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিনের সভাপতিত্বে এ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল। তিনি উপজেলার বিভিন্ন সরকারি, বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

পরে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে মুজিবনগর স্বাধীনতা সড়কের দুই পাশে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। সেখানে মোট ১২০টি তাল গাছের চারা রোপণ করা হয় (প্রতিটি পাশে ৬০টি করে)।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি এবং সহমর ফারুক প্রিন্স।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল বলেন, “সময় স্বল্পতার মাঝেও এ বছর আমাদের প্রচুর পরিমাণে গাছ লাগানোর একটি ইচ্ছা ছিল, যার সূচনা হলো কৃষি অফিসের এই বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে।”

উল্লেখ্য, বিভিন্ন সরকারি-বেসরকারি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে বৃক্ষরোপণের জন্য চারা বিতরণ করা হয়েছে।

বিশ্ব পরিবেশ দিবসে দর্শনায়

[redacted]

“[redacted], [redacted]” [redacted] [redacted] [redacted]